দীর্ঘকাল ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
পণ্ডিত-প্রেস
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


প্রতিষ্ঠাতা—শরৎচন্দ্র পণ্ডিত
( দাদাঠাকুর )



**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা।
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৫৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৫ই আশ্বিন বুধবার, ১৩৭৫ ইং 2nd Oct. 1968 { ২১শ সংখ্যা




সকল ঘরের তরে..
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**
এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।

খাস জনতা
কেরোসিন কুকার
প্রস্তুতকারক
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

**পূজার বাজার এখানেই করুন**
ভারতের সকল প্রান্ত হইতে আমদানী
প্রসাধন ও উপহার সামগ্রী, হোসিয়ারী দ্রব্য, উল,
মাথার ফিতা, খেলার সরঞ্জাম ও সব রকম
প্রয়োজনীয় দ্রব্যের সরবরাহক।
কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর
রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ



স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৫ই আশ্বিন বুধবার সন ১৩৭৫ সাল।

## বিজয়ার সম্ভাষণ ও আলিঙ্গন

--০--

আমরা চিরাচরিত প্রথানুসারে আমাদের গুরুজনকে প্রণাম, সমবয়স্কগণকে নমস্কার ও বয়ঃকনিষ্ঠগণকে শুভেচ্ছাসহ স্নেহাশীর্ব্বাদ জ্ঞাপন করিতেছি।

আমরা সুদীর্ঘ পঞ্চান্ন বৎসর কাল জঙ্গিপুর মহকুমাবাসীর সহানুভূতি ও সহযোগিতা লাভ করিয়া এই ক্ষুদ্র সাপ্তাহিক সংবাদপত্র পরিচালনা করিতেছি। জনগণের ঐকান্তিক সহযোগিতাই আমাদের মূলধন।

আমাদের এমন পাঠক-পাঠিকা, গ্রাহক-গ্রাহিকা ও বিজ্ঞাপনদাতা আছেন যাঁহারা **জঙ্গিপুর সংবাদের** জন্মাবধি সম্পর্ক রাখিয়া স্বজন বা আত্মীয়ের মত হিতাকাঙ্ক্ষী। আমরা তাঁহাদের সকলকে মর্য্যাদানুসারে অভিবাদন জানাইতেছি।

## নৃত্য-নাট্য-লীলা

গত ২৪শে ও ২৫শে সেপ্টেম্বর '৬৮ রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও গীতবীথির সাহায্যার্থে নৃত্য-বিশারদ শ্রীচিত্তরঞ্জন দাশগুপ্ত মহাশয় প্রযোজিত ও উক্ত বিদ্যালয়ের প্রধানা-শিক্ষিকা শ্রীশকুন্তলা চৌধুরী মহাশয়া পরিচালিত নৃত্য-নাট্য-লীলা স্থানীয় রবীন্দ্রভবনে বিপুল সাফল্যের সহিত অনুষ্ঠিত হইয়াছে।

রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরের বিপুল জনগণ উক্ত প্রাণবন্ত অনুষ্ঠানটিকে পরম আগ্রহে ও আনন্দে অভিনন্দিত করিয়াছেন।

বিশেষতঃ সর্ব্বকনিষ্ঠা তপশ্রী চৌধুরীর "বকাসুর" নৃত্য অভিনয়টি সাদরে সকলেরই সুদৃষ্টি আকর্ষণ করিয়াছে। ইহা ছাড়া অন্যান্য ভূমিকায় সুপ্রিয়া চক্রবর্ত্তী, ভারতী দে সরকার (শিক্ষিকা), আশালতা সাহা, নবনীতা বন্দ্যোপাধ্যায়, সোমা চট্টোপাধ্যায়, বাঁশরী দাস, পুষ্পিতা চক্রবর্ত্তী ও অঞ্জনা চট্টোপাধ্যায়ের নাম উল্লেখযোগ্য। ইহা ছাড়া উক্ত অনুষ্ঠানে শ্রীনিরঞ্জন চক্রবর্ত্তী মহাশয় (শিক্ষক) মৈত্রেয়ী চট্টোপাধ্যায়, দীপা ধর ও স্বাতী চট্টোপাধ্যায় অংশ গ্রহণ করিয়া সকলকে যথেষ্ট আনন্দ দান করিয়াছেন।

উক্ত বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা ও ছাত্রীদিগের স্বতঃস্ফূর্ত্ত সুসহযোগিতা সকলেই বিপুল উৎসাহ ও উদ্দীপনার সঙ্গেই স্মরণের মণিকোঠায় শুভ্র সমুজ্জ্বল করিয়া রাখিবে।

## ট্রেণের সময়

নিম্নের সময়ানুযায়ী ১লা অক্টোবর, ১৯৬৮ হইতে ট্রেণসমূহ জঙ্গিপুর রোড রেল ষ্টেশনে চলাচল করিতেছে। এবং ৩১শে মার্চ্চ, ১৯৬৯ পর্য্যন্ত এই সময়ানুসারে চলাচল করিবে।

আপ ট্রেন (বারহারোয়া অভিমুখে)

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৪৭নং হাওড়া ফরক্কা | আসে | ৪-৪২ | ছাড়ে | ৪ ৪৭ |
| ৩৭৯নং কাটোয়া বারঃ | ,, | ৯-৩২ | ,, | ৯-৩৭ |
| ৩৩৩নং হাওড়া ফরক্কা | ,, | ১৫-১১ | ,, | ১৫-১৬ |
| ৩৪৫নং হাওড়া বারঃ | ,, | ২১-১২ | ,, | ২১-১৭ |
| ৩৩১নং হাওড়া গয়া | ,, | ০-৫৮ | ,, | ১-০৩ |

ডাউন ট্রেন (হাওড়া অভিমুখে)

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৪৮নং ফরক্কা হাওড়া | আসে | ০-৪৭ | ছাড়ে | ০-৫৭ |
| ৩৪৬নং বারঃ হাওড়া | ,, | ৫-৫৪ | ,, | ৬-০৪ |
| ৩৩৪নং ফরক্কা হাওড়া | ,, | ১২-৫৩ | ,, | ১৩-০৩ |
| ৩৮০নং বারঃ কাটোয়া | ,, | ১৬-০৪ | ,, | ১৬-১৪ |
| ৩৩২নং গয়া হাওড়া | ,, | ১৭-৫৭ | ,, | ১৮-০৫ |

## বলদের দুধ

এখানে প্রাপ্ত এক সংবাদে প্রকাশ যে, ভগবানগোলা থানার কুলগাছি গ্রামের শ্রীগয়ানাথ সিংহের একটি বলদ প্রায় মাস দুয়েক থেকে "দুধ" দিতেছে। পার্শ্ববর্ত্তী গ্রামের অনেকে এই বলদকে দেখিবার জন্য রোজ ভীড় করিতেছে। অনেকে ইহার দুধ লইয়া যাইতেছে। প্রকাশ, এই দুধ পান করিলে নাকি পেটের কামড় কমিয়া যাইতেছে।

—বালুচর

## ভাগীরথী বক্ষে ১৯ কিলোমিটার সন্তরণ প্রতিযোগিতা

জিয়াগঞ্জ—সম্প্রতি ভাগীরথী বক্ষে জিয়াগঞ্জ থেকে বহরমপুরের গোরাবাজার ঘাট পর্য্যন্ত (১৯ কিলোমিটার) সন্তরণ প্রতিযোগিতা মুর্শিদাবাদ জেলা সুইমিং এসোসিয়েশনের উদ্যোগে অনুষ্ঠিত হয়। ৭২ কিলোমিটার দূরপাল্লার সন্তরণ প্রতিযোগিতা এবার অনুষ্ঠিত হয়নি। ১৯ কিলোমিটার প্রতিযোগিতায় ১ম স্থান অধিকার করেছেন গতবারের ৭২ কিলোমিটার প্রতিযোগিতায় বিজয়ী পক্ষপ্রণালী খ্যাত শ্রীবৈদ্যনাথ নাথ। ২য় ও ৩য় স্থান অধিকার করেছেন আগরতলার রতিরঞ্জন ধর ও সাধন বৈদ্য এবং আগরতলারই রত্নারাণী ধর মহিলা-মহলে শীর্ষস্থান এবং ২০ জন প্রতিযোগীর মূল প্রতিযোগিতায় একাদশ স্থান দখল করেছেন।

প্রতিযোগিতা শেষে জেলা শাসক শ্রীবি, সি, শর্মার পৌরোহিত্যে এক অনুষ্ঠানে রাজ্য ক্রীড়া পরিষদের সভাপতি শ্রীশৈবাল গুপ্ত পুরস্কার বিতরণ করেন।

ফলাফল :—১ম বৈদ্যনাথ নাথ (ইঃ রেল) ৩ ঘণ্টা ২৫ মিঃ, ২য় রতিরঞ্জন ধর (আগরতলা) ৩ ঘণ্টা ৩৩ মিঃ ২ সেঃ, ৩য় সাধন বৈদ্য (আগরতলা) ৩ ঘণ্টা ৩৯ মিঃ ৩ সেঃ, ৪র্থ শক্তিপদ রজক (মুর্শিদাবাদ)

মহিলা বিভাগ—১ম রত্নারাণী ধর (আগরতলা) ৪ ঘঃ ১২ মিঃ ২ সেঃ, ২য় মিনতি চ্যাটার্জী (এন-এফ- সি, কলিকাতা), ৩য় গৌরী দাস (বহরমপুর)

—বালুচর

## ঘুষের দায়ে কনেষ্টবলের সশ্রম কারাদণ্ড

বহরমপুর, মুর্শিদাবাদের এ্যাডিশন্যাল স্পেশাল কোর্ট জজ শ্রীটি, মুখার্জী একজন পুলিশ কনেষ্টবলকে ঘুষ নেওয়ার দায়ে সম্প্রতি এক বছর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করেছেন। অভিযোগের বিবরণে প্রকাশ, উল্লিখিত কনেষ্টবলটি সমেত একটি পুলিশ দল যখন ১৯৬৫ সালের ১৯শে এপ্রিল একটি জায়গায় হানা দিয়ে তল্লাসী চালাচ্ছিল, তখন কনেষ্টবলটি এক মুদী দোকানের মালিকের কাছ থেকে ঘুষ নিয়েছিল।

—বালুচর

# বিজয়া প্রভাতে

মান যাচাই



ফিরিওয়ালা—হরকিসিম চিজ, খোসবো. দাওয়াই, মনিহারী মাল সস্তা দর।

বাবু—( মুখ ফিরাইয়া সদর্পে ) হারে বেটা, তোর সব জিনিসের ক্যাটালগ আছে ?

ফিরি—ও তুমি বাবু ? রাম ! রাম !! সাইতের দিনে প্রাতঃকালে খ্যাঁচ্ খ্যাঁচ্ লাগালে দেখচি। আজ গর-সাইত ! না বাবু, ছোট বেবসাদার—ওসব থাকে না। নগদা কিনি নগদা বেচি।

বাবু—কি রকম ব্যবসাদার তুই। অশিক্ষিত দেশ।

ফিরি—তোমাকে জানি। তুমি যাকে ধর তেলে ভাজা কর। তোমাকে জিনিস বেচা পাপ। আজ বছরকার দিন তোমার পাল্লায় পড়লাম ভাগ্যে কি আছে।

বাবু—মুখ সাম্‌লে কথা বল্‌বি ব্যাটা। জানিস্ কার সঙ্গে কথা বল্‌চিস্।



ফিরি—( বোঝা ফেলিয়া ) তোমারই একখান, কি আমারই একখান। বড়লোক হলে তো কি হলো ? তোমার খাই না পরি' মোটা মোটা বাৎ শুন্‌বো।

বাবু—( বীরদর্পে পৃষ্ঠ প্রদর্শন ) কাণ মলে দিবি নাকি ? মারবি নাকি ? ভারী অসভ্য। জানোয়ার। দৌড় দৌড়।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## পূজায় শ্রেষ্ঠ উপহার

বাংলায় এবং বাংলার বাইরে লক্ষ লক্ষ নর-নারী প্রতিদিন ব্যবহার করে প্রমাণ করছেন যে

নতুন করে **ডাবর আমলা কেশ তৈলের** বিজ্ঞাপনের প্রয়োজন নেই। এর স্নিগ্ধতা, এর উপকারিতা, এর মিষ্টি গন্ধ—একবার ব্যবহার করলে সারা জীবনে ভোলা যায় না।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ ( সদরঘাট )


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৫ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ | ফোন: ৫৫-৪৩৬৬ |



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য সডাক ৪.০০ চারি টাকা, শহরে ৩.০০ তিন টাকা, প্রতি সংখ্যা দশ পয়সা।

বিজ্ঞাপনের হার:—প্রতিবার প্রতি লাইন ৫০ পয়সা। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১.০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )